## ৪৭। সংজ্ঞা নির্ধারণ
## (অনুচ্ছেদ ১৫২)

**সুপারিশ ঃ**

**৪৭। সংবিধানের অনুচ্ছেদ ১৫২ এর সংশোধন।**—সংবিধানের অনুচ্ছেদ ১৫২ এর দফা (১) এ

(ক) "উপদেষ্টা" অভিব্যক্তির সংজ্ঞা বিলুপ্ত হইবে ;

(খ) "আইন" অভিব্যক্তি সংজ্ঞার পর নিম্নরূপ অভিব্যক্তি সন্নিবেশিত হইবে, যথাঃ—
"আদালত" অর্থ সুপ্রীমকোর্টসহ যে কোন আদালত ;";

(গ) "প্রধান উপদেষ্টা" অভিব্যক্তির সংজ্ঞা বিলুপ্ত হইবে।

## ৪৮। প্রথম তফসিল
## [অনুচ্ছেদ ৪৭]

**সুপারিশ ঃ**

**৪৮। সংবিধানের প্রথম তফসিল এর সংশোধন।**—সংবিধানের প্রথম তফসিলে "১৯৭২ সালের বাংলাদেশের (শিল্প ও বাণিজ্য) প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ আদেশ (অস্থায়ী রাষ্ট্রপতির ১৯৭২ সালের আদেশ নং-১)।" সংখ্যাগুলি, শব্দগুলি, বন্ধনী এবং দাঁড়ির পর "১৯৭২ সালের বাংলাদেশের যোগসাজসকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ, (১৯৭২ সালের পি.ও. নং-৮)।" সংখ্যাগুলি, শব্দগুলি, বন্ধনী এবং দাঁড়ি সন্নিবেশিত হইবে।

## ৪৯। তৃতীয় তফসিল
## [অনুচ্ছেদ ১১৮]

**সুপারিশ ঃ**

**৪৯। সংবিধানের তৃতীয় তফসিল এর সংশোধন।**—সংবিধানের তৃতীয় তফসিলের—

(ক) ১ ফরমে "প্রধান বিচারপতি" শব্দাবলীর পরিবর্তে "স্পীকার" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(খ) ১ক ফরম বিলুপ্ত হইবে ;

(গ) ২ ফরমে "প্রধানমন্ত্রী" শব্দটির পরিবর্তে "প্রধানমন্ত্রী" শব্দটি প্রতিস্থাপিত হইবে ; এবং

(ঘ) ২ক ফরম বিলুপ্ত হইবে।

## ৫০। চতুর্থ তফসিল
## [অনুচ্ছেদ ১৫০]

**সুপারিশ ঃ**

**৫০। সংবিধানের চতুর্থ তফসিল এর সংশোধন।**—সংবিধানের

(ক) চতুর্থ তফসিলের শিরনামের পর বিদ্যমান "অনুচ্ছেদ ১৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে "অনুচ্ছেদ ১৫০(১) শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(খ) চতুর্থ তফসিলের অনুচ্ছেদ ৩ক, ১৮, ১৯, ২০, ২১, ২২ এবং ২৩ বিলুপ্ত হইবে।